

## সারসংক্ষেপ

বাংলা রাজনৈতিক উপন্যাসের ক্রমবিবর্তন বিশ্লেষণ করতে চেয়ে ১৯৭৩ সাল থেকে ২০০৩ সালের সময়পর্বকে বেছে নিয়েছি সন্দর্ভের মূল সময়পর্ব হিসেবে। দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ‘বিবাহবার্ষিকী (১৯৭৭)’, দেবেশ রায়ের ‘মফস্বলি বৃত্তান্ত (১৯৭৭)’, ‘তিস্তাপারের বৃত্তান্ত (১৯৮৮)’ এবং ‘সময় অসময়ের বৃত্তান্ত (১৯৯৩)’, আখতারুজ্জামান ইলিয়াসের ‘চিলেকোঠার সেপাই (১৯৮৬)’ এবং ‘খোয়াবনামা (১৯৯৬)’, নবারুণ ভট্টাচার্যের ‘হারবার্ট (১৯৯২)’, ‘যুদ্ধ পরিস্থিতি (১৯৯৬)’ এবং ‘কাঙাল মালসাট (২০০৩)’ উপন্যাসগুলিকে সন্দর্ভের মূল অক্ষ হিসেবে বিবেচনা করেছি। মহাশ্বেতা দেবীর ‘অরণ্যের অধিকার’ এবং ‘অগ্নিগর্ভ (১৯৭৭)’, অভিজিৎ সেনের ‘রহু চণ্ডালের হাড় (১৯৮৫)’, সমরেশ বসুর ‘মহাকালের রথের ঘোড়া (১৯৭৭)’, রাঘব বন্দ্যোপাধ্যায়ের ‘কমুনিস (১৯৭৫)’, অশোককুমার মুখোপাধ্যায়ের ‘আটটা নটার সূর্য (২০১৩)’ এবং দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ‘শোকমিছিল (১৯৭৩)’ আলোচনার পরিসরভুক্ত হয়েছে। এছাড়াও অন্যান্য রাজনৈতিক উপন্যাসও সন্দর্ভের পরিসরে বিশ্লেষিত হয়েছে। গবেষণার মূল উদ্দেশ্য সাহিত্যের ইতিহাসলেখর (literary historiography) আধারে বাংলা রাজনৈতিক উপন্যাসের অক্ষবদল, নিম্নবর্ণের রাজনৈতিক উপস্থাপনা এবং ভাষার বিবর্তন বিশ্লেষণ করা।

সন্দর্ভের প্রথম অধ্যায়ে রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা খুঁজেছি। মূল প্রশ্ন আবর্তিত হচ্ছে রাজনৈতিক উপন্যাস ও উপন্যাসের রাজনীতি- এই দুই বিষয়ের বিভিন্ন উপাদানকে কেন্দ্র ক’রে। দ্বিতীয় অধ্যায়ে শিরোনাম ‘রাজনৈতিক উপন্যাসের বিবর্তনের ইতিহাস এবং আখ্যাননির্মাণের রাজনীতি’। আখ্যানের কাল্পনিকতাকে অক্ষ ক’রে ইতিহাসের সঙ্গে উপন্যাসের মেলবন্ধন কীভাবে ঘটে? ইতিহাসের ঘটনাবলী ও তার রাজনৈতিক বাস্তবতার আখ্যানের সংযোগে কীভাবে রাজনৈতিক উপন্যাসের নির্মাণ হয়? তৃতীয় অধ্যায়- সত্তর দশকের পরে লেখা রাজনৈতিক উপন্যাসের নীতিবদল এবং অভিমুখ। পূর্ব পাকিস্তান ও বাংলাদেশে উপন্যাসের রাজনীতি কীভাবে বিবর্তিত হচ্ছে? সত্তর দশকের পরবর্তী সময়ে লেখা বাংলা

রাজনৈতিক উপন্যাসে যে মূল প্রবণতাগুলি, সেগুলিকে অভিসন্দর্ভে আলোচিত ঔপন্যাসিকরা কীভাবে প্রত্যাহ্বান জানাচ্ছেন, তার বিশ্লেষণ। চতুর্থ অধ্যায়- “আখ্যানধর্মে বিবর্তন-বৈশিষ্ট্য, নতুন উপাদানসমূহ এবং প্রত্যাহ্বানের ধরন”। রাজনীতিকেন্দ্রিক বাংলা আখ্যানের গড়ন-গঠন বিশ্লেষণ করেছে। কী বলা হচ্ছে, কীভাবে বলা হচ্ছে এই দু’টি মূলগত প্রশ্নের থেকেও কে বলছে তা বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠছে বলেই কি প্রচলিত আখ্যানধর্ম প্রত্যাহ্বায়িত হচ্ছে? পঞ্চম অধ্যায়- “বাংলা রাজনৈতিক উপন্যাসের ভাষা, নিম্নবর্গের প্রতিরোধ এবং আখ্যানের নবায়ন”। ভাষা কীভাবে উপন্যাসে রাজনীতির প্রতিফলন ঘটায়? এবং, বাংলা রাজনৈতিক উপন্যাসে দীর্ঘকালব্যাপী গড়ে ওঠা নৈতিকতা মূল্যবোধের প্রয়োগপ্রাধান্যকে আলোচ্য ঔপন্যাসিকরা কীভাবে প্রশ্নবিদ্ধ করছেন আখ্যানপরিসরে।